# AKASHVANI (AIR)
# RNU : KOLKATA
# Bengali Text Bulletin
**Date 22-05-2025 Time: 7.35 A.M.**

---

**বিশেষ বিশেষ খবরঃ-**

১) প্রধানমন্ত্রী আজ ভিডিও কনফারেন্সিং-এর মাধ্যমে পশ্চিমবঙ্গের তিনটি সহ ১৮ টি রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চলের ১০৩টি নবরূপে সজ্জিত অমৃত স্টেশন, জাতির উদ্দেশে উৎসর্গ করবেন।

২) কলকাতা হাইকোর্টের ওবিসি সংরক্ষণ সংক্রান্ত নির্দেশ মেনেই রাজ্য জয়েন্ট এন্ট্রান্স বোর্ডকে পরীক্ষায় সফলদের নতুন করে তালিকা তৈরির নির্দেশ উচ্চ ন্যায়ালয়ের।

৩) বিকাশভবন ঘেরাও কর্মসূচীতে সরকারি সম্পত্তি নষ্টের অভিযোগে পুলিশের তলবে হাজিরা দিয়েছেন চার অভিযুক্ত চাকরীহারা শিক্ষক।

৪) কলকাতার পর দক্ষিণ ২৪ পরগনার গঙ্গাসাগর ও ফ্রেজারগঞ্জেও রাতের অন্ধকারে ড্রোনের দেখা মেলায় চাঞ্চল্য ছড়িয়েছে।

৫) অনুকুল বায়ু প্রবাহ এবং বাতাসে আর্দ্রতার পরিমাণ বেশি থাকায় কলকাতা সহ রাজ্যের প্রায় সব জেলাতেই আজও বৃষ্টির পূর্বাভাস।

গতসন্ধ্যা থেকে ঝড় বৃষ্টির পর অনেকটাই নেমেছে তাপমাত্রার পারদ।

---

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ রাজস্থান থেকে ভিডিও কনফারেন্সিং-এর মাধ্যমে পশ্চিমবঙ্গের তিনটি সহ ১৮ টি রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চলের ১০৩টি নবরূপে সজ্জিত অমৃত স্টেশন, জাতির উদ্দেশে উৎসর্গ করবেন। এরাজ্যের তিনটি স্টেশন হল- পুরুলিয়ার জয়চন্ডী পাহাড়, পশ্চিম বর্ধমানের পানাগড় ও নদীয়ার কল্যাণী-ঘোষপাড়া। এছাড়া বাংলার আরও একশোটি স্টেশনের উন্নয়নের কাজ চলছে এই প্রকল্পের অধীনে। 'অমৃত ভারত স্টেশন' প্রকল্পের আওতায় দেশজুড়ে স্টেশনগুলিকে পরিকাঠামো যাত্রী পরিষেবার নিরিখে বিশ্বমানের করে গড়ে তোলার কাজ চলছে।

(একটি প্রতিবেদন)

কল্যাণী ঘোষপাড়া স্টেশন চত্বরে নানাবিধ অত্যাধুনিক ব্যবস্থা পেয়ে খুশি যাত্রীরা।

(বাইট-গোপাল সরকার)

-----------------------

কলকাতা হাইকোর্টের ওবিসি সংরক্ষণ সংক্রান্ত নির্দেশ মেনেই রাজ্য জয়েন্ট এন্ট্রান্স বোর্ড ২০২৪-এ ডাক্তারিতে স্নাতকোত্তর স্তরে ভর্তির জয়েন্ট এন্ট্রান্স পরীক্ষায় সফলদের তালিকা নতুন করে তৈরির নির্দেশ দিয়েছে হাইকোর্ট। বিচারপতি কৌশিক চন্দ এক মাসের মধ্যে সফলদের তালিকা প্রকাশ করতে নির্দেশ দিয়েছেন। তবে তালিকায় রাখতে হবে ওবিসি তালিকাভুক্ত ৬৬ টি সম্প্রদায়কেই। মানতে হবে ওবিসি - এ এবং ওবিসি - বি তালিকাভুক্ত ব্যক্তিদের জন্য ৭ শতাংশ সংরক্ষণ নীতিও। বিচারপতি তপোব্রত চক্রবর্তী এবং বিচারপতি রাজশেখর মান্থার ডিভিশন বেঞ্চের ওবিসি সংরক্ষণ সংক্রান্ত নির্দেশ অনুযায়ী, ২০১০ সালের পরে ওবিসি শংসাপত্র হয়েছে, এমন পরীক্ষার্থীরা কাউন্সেলিয়ে সুযোগ পাবেন না বলে আদালত স্পষ্ট জানিয়েছে।

------------------------

বিকাশভবন ঘেরাও কর্মসূচীতে সরকারি সম্পত্তি নষ্ট এবং সরকারি কর্মচারীদের কাজে বাধাদানের অভিযোগে পুলিশের তলবে হাজিরা দিয়েছেন চার অভিযুক্ত চাকরীহারা শিক্ষক।

আইনজীবীদের সঙ্গে নিয়ে গতসন্ধ্যায় থানায় উপস্থিত হন মেহবুব মন্ডল সহ বাকিরা। ঘন্টাখানেক বাদে থানা থেকে বেরিয়ে মেহবুব জানান, পুলিশের জিজ্ঞাসাবাদে তাঁরা সহায়তা করেছেন। এরপরেও পুলিশ ডাকলে তাঁরা সহযোগিতা করবেন।

------------------------

বিকাশ ভবন চত্ত্বরে বিক্ষোভ এবং গোলমালের অভিযোগে কয়েকজন আন্দোলনরত কয়েকজন শিক্ষককে শোকজ করেছে মধ্যশিক্ষা পর্ষদ। গত বৃহস্পতিবার বিকাশ ভবন ঘেরাও কর্মসূচিতে সরকারি সম্পত্তি নষ্ট ও সরকারি কর্মচারীদের দীর্ঘক্ষন অফিসে আটকে রাখার অভিযোগ উঠেছিল আন্দোলনকারীদের বিরুদ্ধে। ওই ঘটনায় কয়েকজনকে চিহ্নিত করে তাঁদের আচরণের জন্য জবাবদিহি চেয়ে চিঠি পাঠানো হয়েছে। সাত দিনের মধ্যে এর জবাব দিতে বলা হয়েছে বলে খবর।

------------------------

চাকরি বাঁচানোর দাবিতে গতকাল বিজেপি, কংগ্রেস ও সিপিআইএম নেতৃত্বের সঙ্গে দেখা করেন চাকরিহারা শিক্ষক-শিক্ষিকাদের একাংশ। প্রথমে তাঁরা বিজেপি দফতরে গিয়ে সমস্যার সমাধানে প্রধানমন্ত্রীর হস্তক্ষেপ চান। এরপর কংগ্রেস অফিসে গিয়ে প্রদেশ কংগ্রেস সভাপতি শুভঙ্কর সরকারের সঙ্গে সাক্ষাৎ করেন। সেখান থেকে আলিমুদ্দিন স্ট্রিটে গিয়ে সিপিআইএমের রাজ্য সম্পাদক মহম্মদ সেলিমের সঙ্গেও দেখা

করেন চাকরিহারা শিক্ষকরা। তাঁদের তরফে সুমন বিশ্বাস জানান, রাষ্ট্রপতির সঙ্গে দেখা করতে চেয়ে তাঁরা তিন রাজনৈতিক দলের কাছে দাবি জানিয়েছেন। এর আগে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জিকেও তাঁরা চিঠি দিয়েছিলেন।

এদিকে, মুখ্যমন্ত্রীকে অবিলম্বে আন্দোলনরত শিক্ষকদের সঙ্গে আলোচনায় বসার দাবি জানিয়েছে সি পি আই (এম এল) লিবারেশন। পুলিশী দমন পীড়নের অভিযোগে এবং শিক্ষামন্ত্রীর পদত্যাগের দাবিতে দলের পক্ষ থেকে গতকাল রাজ্য জুড়ে ধিক্কার দিবস পালন করা হয়। শিক্ষকদের ওপরে সমস্ত ধরনের আক্রমণ ও দমন -পীড়ন বন্ধ করতে প্রশাসনকে অবিলম্বে ব্যবস্থা নিতে হবে বলে দলের তরফে এক প্রেস বিবৃতিতে জানানো হয়।

------------------------

সিবিআই চিহ্নিত যোগ্য শিক্ষকদের মতই তাদেরও ৩১শে ডিসেম্বর পর্যন্ত কাজে বহাল রাখার অযোগ্য চিহ্নিত শিক্ষকদের আবেদন সুপ্রিম কোর্ট খারিজ করে দিয়েছে। তাদের নতুন পরীক্ষায় বসার সুযোগ দেওয়ার আবেদনটিও খারিজ হয়ে গেছে। বিষয়টি নিয়ে একাধিক শিক্ষক ও শিক্ষাকর্মী শীর্ষ আদালতের দ্বারস্থ হয়েছিলেন। বিচারপতি সঞ্জয় কুমার এবং বিচারপতি কে ভি বিশ্বনাথনের বেঞ্চে গতকাল শুনানি হয়। প্রাক্তন প্রধান বিচারপতি সঞ্জীব খান্নার বেঞ্চ যে নির্দেশ দিয়েছিল, সেটিকে বহাল রেখেছেন বিচারপতিরা।

উল্লেখ্য, গত তেসরা এপ্রিল শীর্ষ আদালতের রায়ে এসএসসির ২৫ হাজার ৭৫২ জন শিক্ষক-অশিক্ষক কর্মীর নিয়োগ বাতিল হয়। এর মধ্যে ৬ হাজারের বেশি জনকে সিবিআই রিপোর্টের ভিত্তিতে সরাসরি অযোগ্য বলে চিহ্নিত করা হয়েছিল।

------------------------

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী রবিবার ২৫ শে মে , আকাশবাণীতে মন কি বাত অনুষ্ঠানে দেশ বিদেশের মানুষের সঙ্গে তাঁর চিন্তাভাবনা ভাগ করে নেবেন। এটি হবে মাসিক এই বেতার অনুষ্ঠানের ১২২ তম পর্ব।

ওইদিন বেলা ১১ টা থেকে আকাশবাণীর সবকটি কেন্দ্র, সোশ্যাল মিডিয়া এবং দূরদর্শনে মন কি বাত সরাসরি সম্প্রচারিত হবে।

জনগণ এই অনুষ্ঠানের জন্যে টোল ফ্রি ১৮০০-১১-৭৮০০ নম্বরে তাদের মতামত এবং পরামর্শ জানাতে পারবেন। আগামী শুক্রবার ২৩ শে মে পর্যন্ত নরেন্দ্র মোদী অ্যাপ অথবা মাই গভ ওপেন ফোরামে অনলাইনে মতামত জানানো যাবে।

------------------------

কলকাতার পর দক্ষিণ ২৪ পরগনার গঙ্গাসাগর ও ফ্রেজারগঞ্জেও রাতের অন্ধকারে ড্রোনের দেখা মেলায় চাঞ্চল্য ছড়িয়েছে। গত সন্ধ্যায় এবং রাতে দুদফায় গঙ্গাসাগরে ৫টি ড্রোন আকাশ উড়তে দেখা যায় বলে সুন্দরবন পুলিশ জেলার গোয়েন্দা দপ্তর সূত্রে খবর।

ফ্রেজারগঞ্জে রাত ১১টা নাগাদ আকাশে ড্রোন দেখতে পাওয়া যায়। ইতিমধ্যে উপকূল রক্ষী বাহিনী ও নৌবাহিনীর নজরে আনা হয়েছে বিষয়টি। সুন্দরবনের উপকূল এলাকার সব থানাকে সতর্ক করা হয়েছে।

উল্লেখ্য, গত সোমবার রাতে মধ্য ও দক্ষিণ কলকাতার বেশ কিছু অংশে কয়েকটি ড্রোন আকাশে উড়তে দেখা যায়।

-----------------------

রাজ্যের সীমান্তঘেঁষা জেলাগুলিতে জঙ্গি তৎপরতা নিয়ে মুখ্যমন্ত্রী তথা স্বরাষ্ট্রমন্ত্রী মমতা ব্যানার্জি পুলিশকে সতর্ক করে দিয়েছেন। উত্তর কন্যায় গতকাল প্রশাসনিক বৈঠকে এ ব্যাপারে পুলিশের ভূমিকায় ক্ষোভ প্রকাশ করে তিনি বলেন, আসাম সহ অন্যান্য রাজ্য এমনকি ভিনদেশ থেকেও অবাঞ্ছিত ব্যক্তিরা রাজ্যে ঢুকছে। নানা অজুহাতে তারা ভোটার কার্ড আধার কার্ডের মতো নথিপত্র মানুষের কাছ থেকে সংগ্রহ করছে। এ ব্যাপারে সকলকে, সতর্ক থাকতে তিনি নির্দেশ দিয়েছেন।

বাইট

বিজেপি নেতা শমীক ভট্টাচার্য বলেছেন, অনুপ্রবেশ আটকাতে পুলিশের ব্যররথতার জন্য পুলিশ মন্ত্রীই দায়ী।

(বাইট)

-----------------------

বিজেপি তৃণমূল কংগ্রেস দলকে নিষিদ্ধ ঘোষণা করার দাবি জানিয়েছে। দলের সাংসদ জগন্নাথ সরকার মুখ্য নির্বাচন কমিশনারকে এই মর্মে চিঠি দিচ্ছেন বলে জানিয়েছেন। তাঁর অভিযোগ, রাজ্যে সব ধরনের দুর্নীতি ও অপরাধের সঙ্গে শাসকদলের যোগসূত্র প্রমাণিত। একই দাবিতে তিনি রাষ্ট্রপতি,প্রধানমন্ত্রী ও স্বরাষ্ট্র মন্ত্রকেও চিঠি লিখবেন বলে সাংসদ জানান।

(বাইট)

-----------------------

অনুকূল বায়ুপ্রবাহ এবং বাতাসে আর্দ্রতার পরিমাণ বেশি থাকায় আজও কলকাতা সহ রাজ্যের প্রায় সব জেলাতেই বৃষ্টির পূর্বাভাস। মুর্শিদাবাদে আজ ভারী থেকে অতি ভারী এবং নদীয়া, উত্তর ও দক্ষিণ ২৪ পরগনা, ঝাড়গ্রাম পশ্চিম মেদিনীপুর জেলায় হালকা থেকে মাঝারি বৃষ্টির কমলা সতর্কতা জারি করেছে আবহাওয়া দপ্তর। উত্তরবঙ্গের দার্জিলিং, মালদা, উত্তর ও দক্ষিণ দিনাজপুর জেলাতেও রয়েছে ঝড় বৃষ্টির কমলা সতর্কতা।

এদিকে, গতকাল রাজ্যের প্রায় সব জেলা থেকেই বিক্ষিপ্ত বৃষ্টির খবর পাওয়া গেছে। আজ সকাল সাড়ে ছটা পর্যন্ত আলিপুরে ৩৮ দশমিক ২ মিলিমিটার বৃষ্টি রেকর্ড করা হয়েছে। ঝড়ের ফলে বেশ কিছু জায়গায় গাছ পড়ে যায়। নদীয়ার কৃষ্ণনগরে গতসন্ধ্যা থেকে বৃষ্টিতে বিভিন্ন এলাকা জলমগ্ন হয়ে পড়ে।

এদিকে গতকালের বৃষ্টির পর অনেকটাই নেমেছে তাপমাত্রার পারদ। কলকাতায় আজ সকালে সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয় ২২ দশমিক ৪ ডিগ্রী সেলসিয়াস স্বাভাবিকের তুলনায় যা ৪ দশমিক পাঁচ ডিগ্রী কম।

-----------------------

এদিকে গত সন্ধ্যায় ঝড়বৃষ্টির সময় মুর্শিদাবাদের রেজিনগরের কাছে গাছের ডালপালার সংযোগে এসে আপ শিয়ালদহ লালগোলা প্যাসেঞ্জার ট্রেনের বিদ্যুতবাহী প্যান্টোগ্রাফ সহ যন্ত্রাংশে আগুন লাগার ঘটনায় তীব্র চাঞ্চল্য ছড়ায়। ট্রেন থেমে যাওয়ায় যাত্রীরা তাড়াহুড়ো করে নেমে পড়েন। কেউ হতাহত না হলেও আতঙ্ক ছড়ায়। বেশ কিছুক্ষণ দাঁড়িয়ে থাকার পর রেলকর্মীরা পুনরায় ট্রেন চালু করতেই আবারো আগুনের স্ফুলিঙ্গ দেখা যায়। পরীক্ষা নিরীক্ষার পর রাত সাড়ে দশটার কিছু পরে ট্রেনটি পুনরায়

চালু হয়। এর জেরে কিছুক্ষণ ওই লাইনে ট্রেন চলাচল বন্ধ হয়ে যায়। দুর্ভোগে পড়েন যাত্রীরা।

------------------------    ------------------------